

মন্ত্রণালয়/বিভাগের নাম: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

১। অফিস প্রোফাইল

ক) একনজরে অফিস

প্রতিষ্ঠানের নাম	বাংলা	পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড	
	ইংরেজি	Pashchimanchal Gas Company Limited	
	সংক্ষিপ্ত	PGCL	
অফিস প্রধানের পদবি	ব্যবস্থাপনা পরিচালক	নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
অফিসের সংখ্যা	মোটঃ ৭ টি		
জনবল	১৯৭ জন		
অফিসের ঠিকানা	প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ		
যোগাযোগ (ই- মেইল, ফোন, ফ্যাক্স)	md@pgcl.org.bd		
ওয়েবসাইটের ঠিকানা	www.pgcl.org.bd		
যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ)	প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ <a href="https://www.google.com/maps/place/Pashchimanchal+Gas+Company+Limited/@24.4214496,89.5981837,19.25z/data=!4m9!1m2!2m1!1spgcl!3m5!1s0x39fdc425c6ac5627:0x7e7cab076d2f66bf!8m2!3d24.4216296!4d89.5983783!15sCgRwZ2NsWgYiBHBnY2ySAQtnYXNfY29tcGFueZoBJENoZERTVWhOTUc5blMwVkpRMEZuU1VOTmRtVIFXWEpSUIJBQg">https://www.google.com/maps/place/Pashchimanchal+Gas+Company+Limited/@24.4214496,89.5981837,19.25z/data=!4m9!1m2!2m1!1spgcl!3m5!1s0x39fdc425c6ac5627:0x7e7cab076d2f66bf!8m2!3d24.4216296!4d89.5983783!15sCgRwZ2NsWgYiBHBnY2ySAQtnYXNfY29tcGFueZoBJENoZERTVWhOTUc5blMwVkpRMEZuU1VOTmRtVIFXWEpSUIJBQg</a>		

খ) অফিসের ভিশন ও মিশন

ভিশন:	নিরাপদ ও সর্বোত্তমভাবে প্রাকৃতিক গ্যাস বিতরণ করা।
মিশন:	<ul style="list-style-type: none"><li>নিরাপদ, যথোপযুক্ত এবং পরিকল্পিত উপায়ে প্রাকৃতিক গ্যাস বিপণন করা।</li><li>সকল ধরনের গ্রাহক এবং আর্থ-সামাজিক শ্রেণির কাছে প্রাকৃতিক গ্যাসের যোগান দেয়া।</li><li>রাজস্ব আদায় করা।</li></ul>

গ) অফিসের পরিচিতি ও ছবি (অনধিক ২০০ শব্দ)

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে গ্যাসভিত্তিক শিল্প-কারখানার বিকাশের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৯৯৯ সালের ২৯ নভেম্বরে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর একটি গ্যাস বিতরণ কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করে এবং ২০০০ সালের ২৩ এপ্রিল বাণিজ্যিক কার্যক্রম শুরু হয়। কোম্পানিটি ইতোমধ্যে অত্যন্ত দক্ষতার সাথে রাজশাহী বিভাগের সিরাজগঞ্জ, বাঘাবাড়ি, বেড়া, সাঁথিয়া, শাহজাদপুর, পাবনা, ঈশ্বরদী, বগুড়া, রাজশাহীসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে জনগণের দোরগোড়ায়

গ্যাস পৌঁছে দিয়েছে। ফলে বিদ্যুৎ, শিল্প, ক্যাপটিভ, সিএনজি, বাণিজ্যিক ও গৃহস্থালী খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ করে এ কোম্পানি অর্থনৈতিক উন্নয়নে অব্যাহতভাবে গুরুত্বপূর্ণ অবদান রাখছে এবং দেশের ক্রমবর্ধমান উন্নয়নে প্রভূত ভূমিকা পালন করছে। সম্প্রতি রংপুর বিভাগের আওতাধীন রংপুর, নীলফামারী, গীরগঞ্জ শহর ও তৎসংলগ্ন এলাকায় পাইপলাইনের মাধ্যমে গ্যাস সরবরাহের লক্ষ্যে প্রকল্পের কার্যক্রম চলমান আছে। কোম্পানির জন্মলগ্ন হতে পিজিসিএল গ্যাস ক্রয় এবং বিক্রয়ে যে শূন্য সিস্টেম লস-এর দৃষ্টান্ত স্থাপন করেছিল তা অদ্যাবধি অব্যাহত রয়েছে।

#### ঘ) সেবার তালিকা

ক্রম	সেবা নাম	সেবাপ্রাপ্তির পর্যায় (অধিদপ্তর/আঞ্চলিক)
০১	পুনঃ সংযোগ প্রদান (আবাসিক)	আঞ্চলিক কার্যালয়

#### ২। সেবা প্রোফাইল

ক) সেবার নাম: পুনঃ সংযোগ প্রদান (আবাসিক)

খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা: সেবা গ্রহণে গ্রাহকের ব্যয় ও সময় হ্রাস করে গ্রাহক সেবার মান বৃদ্ধি।


গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি


	বিষয়	তথ্যাদি
১	সেবা প্রদানকারী অফিস	পিজিসিএল এর ৬টি আঞ্চলিক কার্যালয়
২	সেবার সংক্ষিপ্ত বিবরণ	বকেয়াজনিত কারণে সংযোগ বিচ্ছিন্নকৃত আবাসিক গ্রাহকের পুনঃ সংযোগ প্রদান
৩	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	আনুমানিক ৬০০ জন
৪	সেবাপ্রাপ্তির শর্তাবলি	বকেয়া বিল পরিশোধ, নিরাপত্তা জামানত সমন্বয় ও পুনঃ সংযোগ ফি জমাদান
৫	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	৯ জন
৬	সেবাপ্রাপ্তির সময়	১২ দিন
৭	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম, প্রয়োজনীয় টাকা জমাদানের রশিদ
৮	সেবাপ্রাপ্তির জন্য খরচ	১১০০ টাকা
৯	সেবাপ্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	৬ বার
১০	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	গ্যাস বিপণন নিয়মাবলি ২০১৪ (আবাসিক)
১১	সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন	মহাব্যবস্থাপক (বিপণন)
১২	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/ সমস্যা / চ্যালেঞ্জসমূহ	বকেয়া বিল পরিশোধ, প্রয়োজ্য ক্ষেত্রে নিরাপত্তা জামানত সমন্বয় ও পুনঃ সংযোগ ফি জমাদান
১৩	অন্যান্য	


ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	আবেদন ফরম সংগ্রহ	১দিন	আবেদনকারী
ধাপ-২	আবেদন ফরম দাখিল	১ দিন	আবেদনকারী
ধাপ-৩	গ্রাহকের আবেদন রেজিস্টারে এন্ট্রি	১ ঘণ্টা	উপ-সহকারী প্রকৌশলী
ধাপ-৪	আবেদন ডকেটিং ও অনুসাক্ষর করে নথি উপস্থাপনের জন্য প্রেরণ	৩ ঘণ্টা	ব্যবস্থাপক (বিক্রয়)
ধাপ-৫	গ্রাহকের বকেয়া ও নিরাপত্তা জামানতের তথ্য প্রাপ্তির জন্য নথি উপস্থাপন	১ দিন	উপ-সহকারী প্রকৌশলী
ধাপ-৬	গ্রাহকের বকেয়া ও নিরাপত্তা জামানতের তথ্য সংক্রান্ত তথ্য প্রদান	৪ ঘণ্টা	সহকারী ব্যবস্থাপক (রাজস্ব)
ধাপ-৭	পুনঃ সংযোগের অনুমোদনের জন্য নথি উপস্থাপন করে প্রেরণ	১ দিন	উপ-সহকারী প্রকৌশলী
ধাপ-৮	অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ	৪ ঘণ্টা	ব্যবস্থাপক (বিক্রয়)
ধাপ-৯	পুনঃসংযোগের অনুমোদন প্রদান	৪ ঘণ্টা	মহাব্যবস্থাপক (বিপনন)
ধাপ-১০	ডিমান্ড প্রস্তুত করে পরবর্তি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ	৪ ঘণ্টা	উপ-সহ প্রকৌ. (বিক্রয়)
ধাপ-১১	ডিমান্ড নোট অনুমোদন	২ ঘণ্টা	ব্যবস্থাপক (বিক্রয়)
ধাপ-১২	ডিমান্ড নোট এর টাকা জমাদানের জন্য গ্রাহকে অবগত করা	১ ঘণ্টা	সহ প্রকৌ. (বিক্রয়)
ধাপ-১৩	গ্রাহক কর্তৃক প্রয়োজনীয় টাকা ব্যাংকে জমাদান	১ দিন	আবেদনকারী
ধাপ-১৪	টাকা জমাদানের রশিদ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমাদান	১ দিন	আবেদনকারী
ধাপ-১৫	গ্রাহক কর্তৃক টাকা জমাদানের রসিদ ও অন্যান্য কাগজপত্র গ্রহন ও ভেরিফিকেশনের জন্য রাজস্ব শাখায় প্রেরণ	৪ ঘণ্টা	উপ-সহ প্রকৌ. (বিক্রয়)
ধাপ-১৬	ডিমান্ড নোট এর অর্থ প্রাপ্তি নিশ্চিত করে পরবর্তি কার্যক্রমের জন্য প্রেরণ	৪ ঘণ্টা	সহ ব্যবস্থাপক (রাজস্ব)
ধাপ-১৭	পুনঃ সংযোগের নিমিত্তে মালামালের অধিযাচন পত্র প্রস্তুত ও অনুমোদনের নথি উপস্থাপন	৪ ঘণ্টা	সহকারী প্রকৌ (বিক্রয়)
ধাপ-১৮	অধিযাচন অনুমোদন	৪ ঘণ্টা	ব্যবস্থাপক (বিক্রয়)
ধাপ-১৯	অনুমোদিত অধিযাচন অনুযায়ী মালামাল উত্তোলন	৪ ঘণ্টা	উপ-সহ প্রকৌ (বিক্রয়)
ধাপ-২০	সংশ্লিষ্ট গ্রাহক আঞ্জিনায় রেগুলেটর স্থাপন করে পুনঃ সংযোগ প্রদান	১ দিন	উপ-সহ প্রকৌ (বিক্রয়)

### ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)







মোট P = ৯ জন

মোট T = ১২ দিন

চ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা:

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ফরম্যাট/প্রত্যয়নপত্র/রিপোর্ট রেজিস্টার	আবেদনপত্র পূরণে গ্রাহকের আগ্রহ ও প্রয়োজনীয় জ্ঞান	আবেদনপত্র অপসারণ
২। আবেদন দাখিল/গ্রহণ		প্রয়োজন নেই
৩। সেবার ধাপ	১-৪, ৮, ১০, ১২, ১৫-১৬	ধাপসমূহ অপসারণ এবং প্রস্তাবিত প্রসেস-এ ৩টি ধাপ নতুন করে যুক্তকরণ
৪। সম্পূর্ণ জনবল স্বাক্ষরকারী/অনুমোদনকারী	৯ জন / ৩জন	৬ জন / ১ জন
৫। সেবা সহজিকরণের ঝুঁকি	দায়বদ্ধতা হস্তান্তর	আঞ্চলিক কার্যালয়ের বিক্রয় ও রাজস্ব শাখার মাঝে সমন্বয় সাধন
৬। মধ্যস্থতভোগী		
৭। একাধিক সঞ্জাস্থার সংশ্লিষ্টতা		
৮। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি		
৯। অবকাঠামো	কম্পিউটার সংক্রান্ত যন্ত্রাংশের অপ্রতুলতা	দাপ্তরিক কাজে প্রয়োজনীয় কম্পিউটার সংক্রান্ত যন্ত্রাংশের সহজলভ্যতা
১০। রেকর্ড/তথ্য সংরক্ষণ		
১১। অন্যান্য		

ছ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	আবেদন ফরম সংগ্রহ		প্রয়োজন নেই
ধাপ-২	আবেদন ফরম দাখিল		প্রয়োজন নেই
ধাপ-৩	গ্রাহকের আবেদন রেজিস্টারে এন্ট্রি		প্রয়োজন নেই
ধাপ-৪	আবেদন ডকেটিং ও অনুসাক্ষর করে নথি উপস্থাপনের জন্য প্রেরণ		প্রয়োজন নেই
ধাপ-৫	গ্রাহকের বকেয়া ও নিরাপত্তা জামানতের তথ্য প্রাপ্তির জন্য নথি উপস্থাপন	ধাপ-১	গ্রাহক আঞ্চলিক কার্যালয়ের রাজস্ব শাখা হতে বকেয়া বিল, নিরাপত্তা জামানত (প্রয়োজ্য ক্ষেত্রে) ও ডিম্যান্ড নোট সংগ্রহ
ধাপ-৬	গ্রাহকের বকেয়া ও নিরাপত্তা জামানতের তথ্য সংক্রান্ত তথ্য প্রদান	ধাপ-২	ব্যাংকে বকেয়া বিল, নিরাপত্তা জামানত (প্রয়োজ্য ক্ষেত্রে) ও ডিম্যান্ড নোটের টাকা জমাদান
ধাপ-৭	পুনঃ সংযোগের অনুমোদনের জন্য নথি	ধাপ-৩	গ্রাহক কর্তৃক টাকা জমাদানের রশিদ


	উপস্থাপন করে প্রেরণ		রাজস্ব শাখায় জমাদান (প্রযোজ্য ক্ষেত্রে) ও ডিমাল্ড নোট সংগ্রহ
ধাপ-৮	অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ		প্রয়োজন নেই
ধাপ-৯	পুনঃসংযোগের অনুমোদন প্রদান	ধাপ-৪	রাজস্ব শাখা গ্রাহকের টাকা প্রাপ্তি নিশ্চিত করে পুনঃ সংযোগের জন্য নথিটি বিক্রয় শাখায় প্রেরণ
ধাপ-১০	ডিমাল্ড প্রস্তুত করে পরবর্তি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ		প্রয়োজন নেই
ধাপ-১১	ডিমাল্ড নোট অনুমোদন	ধাপ-৫	ব্যবস্থাপক (বিক্রয়) পুনঃ সংযোগের অনুমোদনের লক্ষ্যে নথি উপস্থাপনের জন্য নথিটি উপ-সহকারী প্রকৌশলীকে প্রেরণ
ধাপ-১২	ডিমাল্ড নোট এর টাকা জমাদানের জন্য গ্রাহকে অবগত করা		প্রয়োজন নেই
ধাপ-১৩	গ্রাহক কর্তৃক প্রয়োজনীয় টাকা ব্যাংকে জমাদান	ধাপ-৬	নথি উপস্থাপনকারী কর্মকর্তা পুনঃ সংযোগের অনুমোদনের জন্য নথি এবং পুনঃ সংযোগের জন্য প্রয়োজনীয় মালামাল উত্তোলনের অনুমোদন কামনা করে নথি উপস্থাপন ও প্রেরণ
ধাপ-১৪	টাকা জমাদানের রশিদ সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমাদান	ধাপ-৭	উপ-ব্যবস্থাপক (বিক্রয়) নথি ও মালামালের চাহিদা যাচাই করে নথিটি অনুমোদনের জন্য প্রেরণ
ধাপ-১৫	গ্রাহক কর্তৃক টাকা জমাদানের রসিদ ও অন্যান্য কাগজপত্র গ্রহন ও ভেরিফিকেশনের জন্য রাজস্ব শাখায় প্রেরণ		প্রয়োজন নেই
ধাপ-১৬	ডিমাল্ড নোট এর অর্থ প্রাপ্তি নিশ্চিত করে পরবর্তি কার্যক্রমের জন্য প্রেরণ		প্রয়োজন নেই
ধাপ-১৭	পুনঃ সংযোগের নিমিত্তে মালামালের অধিযাচন পত্র প্রস্তুত ও অনুমোদনের নথি উপস্থাপন	ধাপ-৮	পুনঃ সংযোগ অনুমোদন ও প্রেরণ
ধাপ-১৮	অধিযাচন অনুমোদন	ধাপ-৯	ব্যবস্থাপক (বিক্রয়) নথির অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় মালামালের অনুমোদন প্রদান করে পুনঃসংযোগ প্রদানের জন্য সংযোগ প্রদানকারী কর্মকর্তার নিকট প্রেরণ
ধাপ-১৯	অনুমোদিত অধিযাচন অনুযায়ী মালামাল উত্তোলন	ধাপ-১০	আঞ্চলিক কার্যালয়ের স্টোর হতে প্রয়োজনীয় মালামাল উত্তোলন
ধাপ-২০	সংশ্লিষ্ট গ্রাহক আঞ্জিনায় রেগুলেটর স্থাপন করে পুনঃ সংযোগ প্রদান	ধাপ-১১	সংশ্লিষ্ট গ্রাহক আঞ্জিনায় রেগুলেটর স্থাপন করে পুনঃ সংযোগ প্রদান



জ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ

মোট P = ৬ জন


মোট T = ৫ দিন



### ৩। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	১২ দিন	৫ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	১১০০ টাকা	৭০০ টাকা
যাতায়াত	৬ বার	৩ বার
ধাপ	২০	১১
জনবল	৯ জন	৬ জন
দাখিলীয় কাগজপত্র	২	১

#### লেখচিত্র:



### ৪। বাস্তবায়ন

ক) বাস্তবায়নের অভিজ্ঞতার আনুপূর্বিক বিবরণঃ

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক [১.১.১] অনুযায়ী "পুনঃ সংযোগ প্রদান (আবাসিক)" সেবা সহজিকরণ ধারণাটিকে ২০২২-২৩ অর্থবছরে সহজিকরণের জন্য নির্বাচন করা হয়। এটুআই এর নির্দেশনা ও সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণের আলোকে নির্বাচিত সেবাটি সহজিকরণের কার্যক্রম শুরু হয়। সেবাটি সহজিকরণের বিভিন্ন ধাপে কোম্পানির আঞ্চলিক কার্যালয়ের সেলস্ ও রেভিনিউ শাখা, সেন্ট্রাল রেভিনিউ ডিপার্টমেন্ট, বিপণন ডিভিশন, ফিন্যান্স ডিভিশনসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণের সাথে আলোচনা করা হয়। আলোচনার প্রেক্ষিতে বর্তমান প্রসেস ম্যাপের অপ্রয়োজনীয় ধাপসমূহ অপসারণ করে এবং নতুন কিছু ধাপ সংযোজন করে সেবাটির প্রস্তাবিত প্রসেস ম্যাপ প্রস্তুত করা হয়। প্রস্তাবিত প্রসেস ম্যাপটি সর্বসম্মতিক্রমে গৃহীত হলে, তা কোম্পানিতে বাস্তবায়ন করা হয়।

খ) বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

কার্যক্রম	জুলাই ২২	আগস্ট ২২	সেপ্টেম্বর ২২	অক্টোবর ২২	নভেম্বর ২২	ডিসেম্বর ২২	জানুয়ারী ২৩	ফেব্রুয়ারী ২৩
পাইলট প্রযোজ্য ক্ষেত্রে শুরু ও সমাপ্তি								
মন্ত্রিপরিষদ বিভাগে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের তারিখসমূহ								
পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন শুরুর তারিখ								
পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ								

খ) বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণঃ আনুমানিক ১০,০০০- (দশ হাজার) টাকা

গ) বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহঃ বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় সাধন

ঘ) চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থাাদিঃ সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে দফায় দফায় বৈঠক

চ) সরকারি আদেশ জারির তারিখঃ ১৫ মার্চ ২০২৩

ছ) প্রচারে গৃহীত ব্যবস্থাাদিঃ অফিস আদেশ জারি, ওয়েবসাইটে প্রকাশ

জ) বাস্তবায়ন টিম:



নামঃ মোহাম্মদ শরিফুল হক

পদবীঃ সহকারী প্রকৌশলী (আইসিটি)

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড



নামঃ দিলিপ কুমার দাস

সহকারী প্রকৌশলী (সেন্ট্রাল রেভিনিউ)

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড